



তৃণমূলে নব জোয়ার

তৃণমূলে নব জোয়ার

নিয়ে উন্নয়নের অঙ্গীকার, তৃণমূলে এল নব জোয়ার

উদ্দেশ্য:

তৃণমূলস্তরে প্রগতি এবং উন্নয়নের নতুন জোয়ার আনতে, গণতান্ত্রিক এবং বিকেন্দ্রীকৃত প্রক্রিয়ার মাধ্যমে যোগ্য জন-প্রতিনিধি বেছে নেওয়া হবে বাংলার মানুষের মতামতকে গুরুত্ব দিয়ে।

প্রচারকার্যের লক্ষ্য:

- আপামর জনসাধারণের সঙ্গে দলের সম্পর্ক মজবুত করার সংকল্পকে দৃঢ় করতে, পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায়, সর্বভারতীয় সাধারণ সম্পাদক শ্রী অভিষেক বন্দ্যোপাধ্যায় রাজ্যজুড়ে যাত্রা করবেন
- পঞ্চায়েত নির্বাচনে যোগ্য প্রার্থী চয়নের উদ্দেশ্যে এই প্রথমবার সাধারণ মানুষের মতামত গ্রহণের জন্য সারা রাজ্যজুড়ে গণমতামত প্রদানের আয়োজন করা হবে

প্রচারকার্যের প্রধান অংশসমূহ:

১. জন সংযোগ যাত্রা

এই কর্মসূচিতে সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক শ্রী অভিষেক বন্দ্যোপাধ্যায় দুই মাসব্যাপী যাত্রা করবেন কোচবিহার থেকে কাকদ্বীপ পর্যন্ত, যা শুরু হবে ২৫ এপ্রিল, ২০২৩ থেকে। এই যাত্রার মাধ্যমে, পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় সাধারণ মানুষের সঙ্গে শ্রী অভিষেক বন্দ্যোপাধ্যায় মতবিনিময় করবেন এবং তৃণমূল স্তরের দলীয় কর্মীদের ঐক্যবদ্ধ করবেন।



জন সংযোগ যাত্রা

এই যাত্রায় প্রতিটি দিনের নির্ধারিত নানাবিধ কর্মসূচিগুলির মধ্যে অন্যতম হল:

- বিভিন্ন পঞ্চায়েতে যাত্রাপথের সুপরিষ্কৃত রূপরেখা ধরে বাসযাত্রা হবে
- ৩-৪টি ব্লকস্তরীয় জনসভা
- গণমতামত প্রদান আয়োজন করার জন্য জেলাস্তরীয় সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের দলীয় অধিবেশন
- অধিবেশন শিবিরেই গোষ্ঠীবদ্ধ নৈশভোজ এবং রাত্রিবাস

২. গ্রাম বাংলার মতামত

অধিবেশনে, পঞ্চগয়েত নির্বাচনের আগেই যোগ্য প্রার্থী চয়নের উদ্দেশ্যে, এই প্রথমবার গণমতামত প্রদানের আয়োজন করা হবে।



গ্রাম বাংলার
মতামত

এই গণমতামত প্রদানে, প্রত্যেক গ্রাম পঞ্চগয়েত থেকে দলীয় কর্মী এবং সুশীল সমাজের বিশিষ্ট ব্যক্তির একটি গোপন ব্যালটের মাধ্যমে সুযোগ্য প্রার্থীদের চয়ন করবেন নিম্নলিখিত পদগুলির জন্য:

- জেলা পরিষদ সদস্যগণ
- পঞ্চগয়েত সমিতি সদস্যগণ
- গ্রাম পঞ্চগয়েত সদস্যগণ

এছাড়াও, ২৫ এপ্রিল, ২০২৩ থেকে www.tnjoofficial.com ওয়েবসাইটের মাধ্যমে একটি অনলাইন-গণমতামত প্রদান ব্যবস্থাও সাধারণ মানুষের জন্য চালু করে দেওয়া হবে, যাতে তাঁরা এই উদ্যোগে সামিল হয়ে নিজেদের মতামত জানাতে পারেন।

গুরুত্বপূর্ণ সংখ্যাসমূহ:

৬০
দিন



৬০
অধিবেশন

২৫০+
জনসভা



৩০ লক্ষ+
সরাসরি জনসংযোগ

৩,৫০০+ কিলোমিটার
মোট দূরত্ব অতিক্রম



৩ লক্ষ+
দলীয় কর্মীগণ

১ কোটি+
ডিজিটাল মাধ্যমে
দৈনিক জনসংযোগ



১৫,০০০+
গণ্যমান্য ব্যক্তিবর্গ যুক্ত হবেন

তৃণমূলে নব জোয়ার

f @ t /tnjoofficial